গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

## এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাপ্রধানসহ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ রইছউল আলম মন্ডল
সচিব
তারিখ : ১৮ নভেম্বর ২০১৮ খ্রিঃ
সময় : সকাল ১০:০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত আছে।

২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব মোঃ শফিকুল ইসলাম বিগত ১৮ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংস্থাপ্রধানসহ সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। কোন সংশোধন না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত হয়।

৩। এরপর বিগত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

## ৪। সাধারণ বিষয়াদি

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.১ | এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) এর কার্যক্রম | এ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেপ্টেম্বর ২০১৮ মাসের অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | APA-এর বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১) |
| ৪.২ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) এর কর্মপরিকল্পনা শীর্ষক বইয়ের উপর এ মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং এর মতামতের ভিত্তিতে ২৩/১০/২০১৮ তারিখে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম চলমান আছে।<br>সচিব মহোদয়ের সভাপতিত্বে সংস্থাপ্রধান ও SDG ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে একটি সভা করা যায় মর্মে যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) সভায় অভিমত ব্যক্ত করেন। | (ক) SDG কর্মপরিকল্পনার মতামত দ্রুত পর্যালোচনান্তে প্রেরণ করতে হবে।<br>(খ) সচিব মহোদয়ের সভাপতিত্বে সংস্থাপ্রধান ও SDG ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে একটি করতে হবে। | যুগ্মসচিব (প্রাস-১)/ যুগ্মপ্রধান/ সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশা-১) |
| ৪.৩ | ব্লু-ইকোনমি | মৎস্য অধিদপ্তর, বিএফডিসি, বিএফআরআই/মেরিন ফিশারিজ একাডেমি এর ব্লু-ইকোনমি সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) সভাকে অবহিত করেন।<br>ব্লু-ইকোনমির আওতায় চলমান কার্যক্রম বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ব্লু-ইকোনমি বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য মনিটরিং জোরদার করতে হবে। | যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.৪ | মাস্টার প্ল্যান প্রস্তুত | বিএফডিসি, বিএফআরআই, মেরিন ফিশারিজ একাডেমি ও ভেটেরিনারি কাউন্সিল এর মাস্টার প্ল্যান চূড়ান্ত অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন।<br>উইং ভিত্তিক মাস্টার প্ল্যান পর্যালোচনা করে আগামী সমন্বয় সভার পূর্বেই চূড়ান্তকরণের উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | বিএফডিসি, বিএফআরআই, মেরিন ফিশারিজ একাডেমি ও বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর মাস্টার প্ল্যান যাচাই/ বাছাই করে দ্রুত অনুমোদনের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.৫ | আইন/ বিধিমালা প্রণয়ন | **(ক) প্রস্তাবিত ''মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) আইন/২০১৮ :** নীতিগত অনুমোদনের জন্য মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের নিমিত্ত কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>**(খ) ''পশু ও পশুজাত পণ্য সঙ্গানিরোধ বিধিমালা, ২০১৮'':** অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) মহোদয়ের সভাপতিত্বে গত ৫/১১/২০১৮ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>(গ) **''বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০১৮'':** আইনের খসড়া ০৪/০৪/২০১৮ তারিখ এ মন্ত্রণালয় হতে আহবায়ক, আইনের খসড়া পরীক্ষা নীরিক্ষা পূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। উক্ত আইনের ওপর ৩০/০৫/২০১৮ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী আইনের প্রাথমিক খসড়া প্রস্তুত করে পেশ করা হলে অতিরিক্ত সচিব (প্রানিসম্পদ-২) কে প্রধান করে কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সভা আহবান কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>**(ঘ) প্রাণির প্রতি নিষ্ঠুরতা আইন-১৯২০ শীর্ষক আইনের পরিবর্তে প্রাণিকল্যাণ আইন ২০১৮ প্রণয়নঃ** চূড়ান্ত ভেটিং শেষে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>**(ঙ) বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০১৮:** আহবায়ক, আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি ও অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগে ০৪/০৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন<br>(চ) **সামুদ্রিক মৎস্য আইন, ২০১৭ :** ২২/০৭/২০১৮ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পর্যবেক্ষণসহ আইনটি বিনা ভেটিংয়ে ফেরত পাওয়া গেছে। পর্যবেক্ষণের আলোকে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>**(ছ) বাংলাদেশ ভেটিরিনারি কাউন্সিল আইন, ২০১৮:** লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ ভেটিং ক্রমে প্রস্তুকৃত খসড়াসহ প্রেরণ করেছে। মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত প্রেরণের জন্য প্রক্রিয়াধীন।<br>**(জ) কৃত্রিম প্রজনন ও প্রাণী প্রজনন আইন-২০১৮:** প্রাণিসম্পদ অধিদপ্তর হতে চাহিত আইনের খসড়া পাওয়া যায়নি।<br>**(ঝ) যশোর জেলাধীন ভবদহ এলাকায় মৎস্য ঘের স্থাপনের জন্য নীতিমালা ২০১৭:** অর্থ সংক্রান্ত বিষয় সংশ্লিষ্ট থাকায় তা সম্মতির জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলে অর্থ বিভাগ মতামত প্রদান না করে পুনরায় অনুসন্ধানমূলক তথ্য চেয়েছেন।<br>**(ঞ) প্রবহমান নদী ও অন্যান্য জলাশয়ে খাঁচায় মাছচাষ নীতিমালা ২০১৮:** বিষয়ে পূর্বে দাখিলকৃত নীতিমালা এবং পুনঃপরীক্ষণ করে প্রেরিত নীতিমালার তুলনামূলক বিবরণীসহ নীতিমালাটি পুনরায় প্রেরণের জন্য মহাপরিচারক**,** মৎস্য অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে।<br>**(ট) সামুদ্রিক মৎস্য নীতিমালা, ২০১৮ :** নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | **(ক)** আইনের খসড়া পুনর্গঠনের কাজ দ্রুত শেষ করতে হবে।<br>**(খ)** দ্রুত নথি উপস্থাপন করতে হবে।<br>**(গ)** বিষয়টির অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>**(ঘ)** বিষয়টির অনুসরণমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>**(ঙ)** বিষয়টির অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(চ) দ্রুত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করতে হবে।<br>**(ছ)** পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>**(জ)** আইনের খসড়া প্রানিসম্পদ অধিদপ্তর হতে ০৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।<br>**(ঝ)** বিষয়টির অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>**(ঞ)** নীতিমালাটি দ্রুত চূড়ান্ত করতে হবে।<br>**(ট)** আগামী ১৫ দিনের মধ্যে এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীনস্থ | যুগ্মসচিব (মৎস্য)/ যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১)/ যুগ্মসচিব (ব্লু ইকোনমি)/ সংস্থা প্রধান (সংশ্লিষ্ট)/ উপসচিব (আইন) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | **(ঙ) নিহত জেলে পরিবার বা স্থানীয়ভাবে অক্ষম জেলেদের প্রণোদনা সহায়তা প্রদান নীতিমালা ২০১৮:** গত ১১/১১/২০১৮ সকাল ১০ টায় আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>**(ঢ) সরকারী খামার হতে রেণু/পোনা বিক্রির ক্ষেত্রে প্রাধিকার নিশ্চিত করার নীতিমালা ২০১৮:** গত ১১/১১/২০১৮ দুপুর ১২ টায় আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>**(ণ) জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা (Guideline) ২০১৮:** নির্দেশিকাটি চূড়ান্তকরণের লক্ষ্যে গত ০৭/১১/২০১৮ তারিখ আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>**(ত) মৎস্যচাষ নীতিমালা ২০১৮:** ০১/১০/২০১৮ তারিখে অভ্যন্তরীণ একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার সিদ্ধান্ত মোতাবেক নীতিমালা সংজ্ঞাসহ উদ্দেশ্য ও কৌশল ইত্যাদি যথাযথভাবে সন্নিবেশ করে পুনরায় প্রেরণের জন্য নির্দেশ না প্রদান করা হয়েছে। | সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা নীতিমালাটি হালনাগাদ করে সচিব বরাবর উপস্থাপন করবে।<br>**(ঙ)** নীতিমালা দ্রুত চূড়ান্ত করতে হবে।<br>**(ঢ)** বিষয়টি অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>**(ণ)** বিষয়টি অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>**(ত)** নীতিমালা দ্রুত চূড়ান্ত করতে হবে। | |
| ৪.৬ | জেলা/ উপজেলা পর্যায়ের অফিস ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন | অক্টোবর ২০১৮ মাসে জনাব মোঃ শফিকুল ইসলাম, উপসচিব (প্রশাসন-৩), জনাব মোঃ হামিদুর রহমান, উপসচিব (আইন), বেগম হাফছা বেগম, উপসচিব (মৎস্য-১), জনাব মনজুরুল আলম, সহকারী প্রধান জেলা/ উপজেলা পর্যায়ের ৬টি অফিস/ খামার/ বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন করেছেন।<br>সভাপতি পরিদর্শনে উদঘাটিত ত্রুটি নিরসনপূর্বক প্রতিবেদন সংগ্রহের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট কর্মকর্তা পরিদর্শনে উদঘাটিত ত্রুটি নিরসনের প্রতিবেদন সংস্থা হতে সংগ্রহ করে সভায় উপস্থাপন করবেন। | অতিরিক্ত সচিব (সকল) যুগ্মসচিব (মৎস্য/ প্রাস-১)/ যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)/ যুগ্মপ্রধান/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.৭ | মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার | মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সময়োপযোগী ও অধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়মিত রেডিও টেলিভিশনে (বেসরকারি চ্যানেলসহ) প্রচার এবং ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | প্রচারের জন্য রোডম্যাপ প্রস্তুতপূর্বক বিভিন্ন গণমাধ্যমে ও ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | DG, DoF, DG, DLS, DG, BFRI, DG, BLRI, উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |
| ৪.৮ | অডিট আপত্তি | (১) সেপ্টেম্বর ২০১৮ শেষে মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৭,৫৬১টি। অক্টোবর মাসে অডিট আপত্তির সংখ্যা ৪৫। অক্টোবর ২০১৮ মাসের শেষে মোট অডিট আপত্তির সংখ্যা ৭,৬০৬টি, আপত্তি নিষ্পত্তির সংখ্যা ৩৩টি এবং অক্টোবর ২০১৮ মাসের শেষে অনিষ্পন্ন মোট অডিট আপত্তির সংখ্যা ৭৫৭৩টি।<br>(২) অক্টোবর ২০১৮ মাসে দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়নি।<br>(৩) অক্টোবর ২০১৮ মাসে ত্রি-পক্ষীয় সভার সংখ্যা ০২টি। (ক) উপসচিব (প্রাণিসম্পদ-২) এর সভাপতিত্বে ০১/১০/২০১৮ তারিখে মৎস্যচাষ প্রকল্প (এডিবি), কক্সবাজার এর অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা কক্সবাজারে অনুষ্ঠিত হয়। এ সভায় আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে ০৭টি। (খ) উপসচিব (প্রশাসন-৩) এর সভাপতিত্বে ২৮/১০/২০১৮ ও ২৯/১০/২০১৮ তারিখে রাজশাহী বিভাগ ও এর আওতাধীন প্রাণিসম্পদ অফিসসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা নাটোরে অনুষ্ঠিত হয়। এ সভায় আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে ১৪ টি। | (১) নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে এবং দপ্তর/সংস্থা হতে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(২) দারিদ্র বিমোচনের অডিট আপত্তির বিষয়ে সংস্থাপ্রধানদের নিয়ে একটি সভা করতে | অতিঃ সচিব (নিরীক্ষা), সংস্থা প্রধান (সকল)/ সহকারী সচিব (প্রশাসন-৪) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | **(ক)** নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকরণ অব্যাহত আছে এবং দপ্তর/সংস্থা হতে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।<br>(খ) অগ্রিম ও সাধারণ অনুচ্ছেগুলো শ্রেণি বিন্যাসকরণের কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>দারিদ্র বিমোচনের অডিট আপত্তির বিষয়ে সংস্থাপ্রধানদের নিয়ে একটি সভা করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | হবে। | |
| ৪.৯ | মামলা/ মোকদ্দমা নিষ্পত্তি | মৎস্য অধিদপ্তরের হাইকোর্ট বিভাগে ৫১১, প্রশাসনিক/ প্রশাসনিক ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনালে যথাক্রমে ২২/১২টি এবং মোবাইল কোর্ট ৩৩২টিসহ মোট ৮৭৭টি, প্রাণিসম্পদ অধিদপ্তরের সুপ্রিম কোর্টে ১২, হাইকোর্টে ১০০, জজ কোর্টে ১৬, প্রশাসনিক/ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে ৪/৩, মোবাইল কোর্টে ৪২টিসহ মোট ১৭৪টি। বিএফডিসি'র সুপ্রিম কোর্টে ৬, হাইকোর্টে ১৪, জজকোর্টে ১৬ ফৌজদারি কোর্টে ২টিসহ মোট ৩৮টি। বিএফআরআই ও বিএলআরআই-এর যথাক্রমে ১১টি ও ৪টি। অন্যান্য সংস্থার মামলা নেই।<br>চলতি মাসে মোট ৯টি নতুন মামলা পাওয়া গেছে। | অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে নিয়মিত অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখা এবং দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থা প্রধান (সকল), উপসচিব (আইন) |
| ৪.১০ | পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি | **(ক) মৎস্য অধিদপ্তরঃ** অক্টোবর ২০১৮ মাসে ০২ (দুই)টি এবং সেপ্টেম্বর ২০১৮ মাসের ০২টি সহ মোট ০৪(চার)টি কেস পাওয়া যায়। ০৪টি পেনশন কেস অক্টোবর ২০১৮ মাসে নিষ্পত্তি হয়েছে।<br>(২) মরহুম শহীদুল্লাহ ভুইয়া, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, ঢাকা, মরহুম হুমায়ুন রেজা, খামার ব্যবস্থাপক, মৎস্য উৎপাদন খামার, রাজশাহী সদর, রাজশাহী এবং ড. নিত্যানন্দ দাস, উপপরিচালক, সিলেট বিভাগ, সিলেট এর অডিট সংক্রান্ত কার্যক্রম দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অডিট) এবং মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরকে ০১/০৭/২০১৮ এবং ৩০/১০/২০১৮ তারিখে পত্র দেয়া হয়েছে।<br>**(খ) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** পূর্ববর্তী মাসের জের ৫টি এবং অক্টোবর ২০১৮ মাসে প্রাপ্ত ১টিসহ মোট ৬টি পেনশন কেইস প্রক্রিয়াধীন আছে।<br>বিধি অনুযায়ী ১৮ মাসের লাম্পগ্রান্ডসহ ০১ বছরের পিআরএল অনুমোদন/ আদেশ জারি করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (১) অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তিসহ পিআরএল-এ গমনের তারিখের দু'মাস পূর্বে মন্ত্রণালয় থেকে মঞ্জুরী আদেশ জারি করতে হবে।<br>(২) যথাসময়ে আবেদন ও বিধি অনুযায়ী ১৮ মাসের লাম্পগ্রান্ডসহ ০১ বছরের পিআরএল অনুমোদন/ আদেশ একইসাথে জারি করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য/ প্রাণিসম্পদ-২), যুগ্ম-সচিব (প্রাণিসম্পদ-১), DG, DOF, DG, DLS/ মন্ত্রণালয়ের কল্যাণ কর্মকর্তা |
| ৪.১১ | মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের হালনাগাদ গাড়ির সংখ্যা নির্ধারণ | **(ক) মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের গাড়ি TO&E ভুক্তকরণের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় ১৮/০৩/২০১৮ তারিখ সভা আহবান করে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বয়ংসম্পুর্ণ প্রস্তাব প্রেরণের জন্য মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বরাবরে ২০/০৫/২০১৮ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। ব্যক্তিগতভাবে যোগাযোগ করে জানা যায়, মৎস্য অধিদপ্তর এ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করে স্বয়ংসম্পুর্ণ প্রস্তাব অচিরেই এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br>**(খ) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তরের গাড়ীর সংখ্যা সংশোধিত পুন: প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য কার্যক্রম অব্যাহত আছে। শ্রীঘ্রই এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>**(গ) বিএফডিসিঃ** বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের To&Eভূক্ত যানবাহনের সংখ্যা ২৫টি। রয়েছে ২২টি। কার-৩টি, জীপ-৪টি, মাইক্রোবাস-৩টি, ফিশ ভ্যান-৫টি, পিক-আপ-৭টিসহ মোট ২২টি।<br>সংস্থার গাড়িগুলো To&Eভূক্ত করণের প্রস্তাব ০১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সচিব মহোদয় নিদেশনা প্রদান করেন। | (ক) মৎস্য অধিদপ্তর স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব দ্রুত দাখিল করবে। বিএফডিসি ব্যতিত অন্যান্য দপ্তর/ সংস্থা হালনাগাদ গাড়ির তালিকা ডিসেম্বর ২০১৮ এর মধ্যে প্রস্তুতপূর্বক এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) সংস্থার গাড়িগুলো To&Eভূক্ত করণের প্রস্তাব ০১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য) যুগ্মসচিব (প্রাস-১/ বাজেট)/ সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট কর্মকর্তা |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.১২ | জনবলের ডাটাবেইজ প্রস্তুতকরণ | সকল সংস্থার জনবলের ডাটাবেইজ (Database) নিয়মিত আপডেট করা হচ্ছে।<br>সকল দপ্তর/সংস্থার জনবলের ডাটাবেইজ জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদলে এবং গবেষণা প্রতিষ্ঠানগুলোর ডাটাবেইজ BARC-এর আদলে দ্রুত প্রস্তুতপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | জনবলের ডাটাবেইজ নির্দেশনামতে নভেম্বর ২০১৮ এর মধ্যে প্রস্তুতপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | সংস্থা প্রধান (সকল) |
| ৪.১৩ | বকেয়া বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন কর পরিশোধ | সকল সংস্থা কর্তৃক বকেয়া বিদ্যুৎ বিল, পানির বিল,গ্যাসের বিল, ভূমি উন্নয়ন কর ও পৌর কর নিয়মিত পরিশোধ করা হচ্ছে।<br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর দাবীকৃত ৩ (তিন)টি দপ্তরের মোট ৫,০৩,২২৭/- টাকার মধ্যে ইতোমর্ধে ২,৫৫,০৮০/- টাকার বিল পরিশোধ করা হয়েছে। বাকী ২,৪৮,১৪৭/- টাকার বিল পরিশোধের ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। | (১) বকেয়া বিদ্যুৎ বিল, পানির বিল, গ্যাসের বিল, ভূমি উন্নয়ন কর ও পৌর কর পরিশোধপূর্বক সকল সংস্থা থেকে হালনাগাদ তথ্য এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক ভূমি উন্নয়ন ও পৌর কর বাবদ দাবিকৃত অবশিষ্ট টাকা পরিক্ষান্তে দ্রুত পরিশোধ করতে হবে। | অতিঃ সচিব (সকল), যুগ্মসচিব (বাজেট), সংস্থা প্রধান (সকল) |
| ৪.১৪ | জরাজীর্ণ/ মেরামত অযোগ্য ভবন অপসারণ | **(ক) মৎস্য অধিদপ্তরঃ** জরাজীর্ণ ভবনের সংখ্যা ৮৭টি এবং অঘোষিত ভবনের সংখ্যা ৩০টি। গ্রামীন মৎস্যবীজ উৎপাদন খামার, গাবতলী, বগুড়া এর আবাসিক ভবন এবং হ্যাচারি বিল্ডিং ভবন ২টির নিলাম কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>**(খ) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** জরাজীর্ণ ভবনের সংখ্যা ১৬টি যা মন্ত্রণালয় হতে অনুমোদন গ্রহণ করা হয়েছে। অঘোষিত ভবনের সংখ্যা পুরাতন/ জরাজীর্ণ ভবনের স্থলে নতুন স্থাপনা/ অবকাঠামো নির্মাণের প্রকল্প গ্রহন কার্যক্রম অব্যাহত আছে।<br>**(গ) বিএলআরআইঃ** নাইক্ষ্যংছড়িতে একটি অফিস-কাম-ল্যাব ভবন আছে যা জরাজীর্ণ। তা মেরামতযোগ্য কিনা তা নির্ণয়ের জন্য জেলা প্রশাসক বরাবর গত ২৯/০৫/২০১৭ খ্রিঃ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। যা জেলা প্রশাসক, বান্দরবান কর্তৃক নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত) বরাবর প্রেরণ করা হলে ভবনটি অকেজো নয়, উহা মেরামতযোগ্য মর্মে গত ৩১/৭/২০১৮ খ্রিঃ তারিখে প্রতিবেদনে উল্লেখ করেন। কার্যবিবরনী ২৫/১০/১৮ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>জরাজীর্ণ/ মেরামত অযোগ্য ভবনের প্রতিবেদন ৩০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (১) ছক মোতাবেক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) ১০ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে নির্দেশনা মতে জরাজীর্ণ ভবন সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য), যুগ্মসচিব (প্রাস-১), যুগ্মপ্রধান, DG, DOF, DG, DLS |
| ৪.১৫ | আই,টি বিষয় | এ মন্ত্রণালয় ও এর অধীন সকল সংস্থায় ই-ফাইলিং এর মাধ্যমে ১০০% নথির কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল সংস্থায় ই-ফাইলিং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ই-ফাইলিং এর মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে। | অনুবিভাগ প্রধান (সকল), সংস্থা প্রধান (সকল) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.১৬ | ইনোভেশন | ২৭ নভেম্বর ২০১৮ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দিন ব্যাপি এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মৎস্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে সকল দপ্তর/সংস্থা সমন্বয়ে কেন্দ্রীয়ভাবে ইনোভেশন ওয়ার্কশপ/সেমিনার অনুষ্ঠিত হবে। | ইনোভেশন কার্যক্রমের তৎপরতা বৃদ্ধি করতে হবে এবং ইনোভেশন কর্মপরিকল্পনা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | চীফ ইনোভেশন অফিসার, সংস্থা প্রধান (সকল) |
| ৪.১৭ | ই-টেন্ডারিং | মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এ ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হচ্ছে। অন্যান্য সংস্থা হতে ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপত্র আহ্বানের কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>এ মন্ত্রণালয় হতে ই-টেন্ডারিং পদ্ধতিতে ১২টি কম্পিউটার ও ২টি ল্যাপটপ ক্রয় করা হয় এবং আরো ১২টি কম্পিউটার ক্রয়ের জন্য ৬ নভেম্বর ২০১৮ তারিখে ই-জিপিতে দরপত্র আহ্বান করা হয়েছে। | সকল দপ্তর/সংস্থা কর্তৃক দরপত্রের কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতিতে সম্পন্ন অব্যাহত রাখতে হবে। | অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল) |
| ৪.১৮ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | এ মন্ত্রণালয় এবং এর অধীন সকল সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন (ইন-হাউজ) প্রশিক্ষণ চলমান আছে।<br>**(ক) মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ লক্ষ্যমাত্রার বিপরীতে ২০১৮-১৯ অর্থবছরের অক্টোবর ২০১৮ মাস পর্যন্ত গড়ে ১৭.৬ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>**(খ) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** প্রাণিসম্পদ অধিদপ্তরে অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের অক্টোবর ২০১৮ মাসে ৬৭৩ জন প্রশিক্ষণার্থী অভ্যন্তরীন প্রশিক্ষণে অংশ গ্রহন করেন।<br>কর্মকর্তাদের প্রশিক্ষণে প্রজেক্ট ডেভেলপমেন্ট বিষয়টি অন্তর্ভূক্ত করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (১) মন্ত্রণালয় ও আওতাধীন সকল সংস্থায় বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) অগ্রাধিকার ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারীদের দেশের অভ্যন্তরে সঞ্জীবনী প্রশিক্ষণ বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।<br>(৩) কর্মকর্তাদের প্রশিক্ষণে প্রজেক্ট ডেভেলপমেন্ট বিষয়টি অন্তর্ভূক্ত করতে হবে। | অতিঃসচিব (প্রশাসন) সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-৩) |
| ৪.১৯ | জাতীয় শুদ্ধাচার কৌশল | ২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো (হার্ড কপি ও সফট কপি) ৩ জুলাই ২০১৮ তারিখ এবং ১৫ অক্টোবর ২০১৮ তারিখ ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সকলকে সচেতন করাসহ তা সকল পর্যায়ে প্রতিপালন করতে হবে। | অতিঃ সচিব (প্রাণিসম্পদ-২), সংস্থা প্রধান (সকল) |
| ৪.২০ | অভিযোগ নিষ্পত্তি | মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন সকল সংস্থায় সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। অক্টোবর ২০১৮ মাসে প্রাপ্ত অভিযোগসমূহ সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হয়। | অভিযোগ বাক্সে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.২১ | জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালন | প্রতিবছর জাতীয় প্রাণিসম্পদ সেবা সপ্তাহ পালনের লক্ষ্যে যথাসময়ে প্রস্তুতি গ্রহণের কার্যক্রম অব্যাহত আছে এবং জাতীয় প্রাণিসম্পদ সেবা সপ্তাহ স্বীকৃতি ('খ' শ্রেণিভূক্ত) প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে পত্র দেয়া হয়েছে। | বিষয়টি ফলোআপ করতে হবে। | অতিঃ সচিব (প্রাস-২)/ যুগ্মসচিব (প্রাস-১), মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর/ উপসচিব (প্রাণিসম্পদ-২) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.২২ | ইলিশ সংরক্ষণ | ইলিশ আহরণে নিষেধাজ্ঞা বাস্তবায়নে যারা ভাল কাজ করেছেন তাঁদেরকে অতিশিঘ্রই ধন্যবাদ সূচক পত্র দেয়া হবে এবং যারা আহত/ ক্ষতিগ্রস্থ হয়েছেন তাঁদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। চিকিৎসা চলমান রয়েছে। আহত মোঃ আনোয়ার হোসেন, ক্ষেত্র সহকারী, উপজেলা মৎস্য দপ্তর, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বর্তমানে ঢাকাস্থ শ্যামলী ট্রমা সেন্টারে চিকিৎসাধীন আছেন। তাঁকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। | ইলিশ আহরণে নিষেধাজ্ঞা বাস্তবায়নে যারা ভাল কাজ করছেন তাঁদেরকে ধন্যবাদ সূচক পত্র এবং যারা আহত/ ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁদের চিকিৎসার ব্যবস্থা করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য)/ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/ উপসচিব (মৎস্য-২) |

## অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত

### ৫। মৎস্য অধিদপ্তর

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫.১ | মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগবিধি সংক্রান্ত | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের চাহিত তথ্যাদি এ মন্ত্রণালয় হতে গত ০৩/১০/২০১৮ তারিখে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ে প্রেরণ করা হয়েছে।<br>এ বিষয়ে সভা করার জন্য ২৪/১১/২০১৮ তারিখ নির্ধারণ করা হয়েছে। | মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগ বিধির বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |
| ৫.২ | মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতে ১৫৩১টি পদ সৃজন | এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব বরাবরে বিস্তারিত তথ্যাদি উল্লেখ করে সদয় অবগতির জন্য ২৯/০৫/২০১৮ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। | এ বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |

### ৬। প্রাণিসম্পদ অধিদপ্তর

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৬.১ | ক্ষুদ্র, মাঝারি ও বড় পোল্ট্রি ফার্ম এবং ফিডমিল রেজিস্ট্রেশন | ক্ষুদ্র, মাঝারি ও বড় পোল্ট্রি ফার্ম (বেসরকারি খামারসহ) এবং ফিডমিল রেজিস্ট্রেশনের কার্যক্রম অব্যাহত আছে। | দেশের সকল বেসরকারি খামার, ফিডমিল ও ল্যাবরেটরি নিবন্ধনের আওতায় আনার জন্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিঃ সচিব (প্রাস-২), মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৬.২ | ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের জনবল নিয়োগ | সংশ্লিষ্ট রিট মামলা নং ১১৬৫৯/১৫, ২১৭৩/১৫ ও ৭৬৪৩/২০১৬ এর শুনানীন্তে বিগত ২১/০১/২০১৮ তারিখে মাননীয় হাইকোর্ট কর্তৃক রায় ঘোষণা করা হয়। কিছু গাইড লাইন/ অবজারভেশন সহকারে সংশ্লিষ্ট ৩টি রিট মামলা নিষ্পত্তি হয়। সদ্য উক্ত রিট মামলা ৩টির রায়ের সার্টিফাইড কপি পাওয়া গেছে।<br>মামলা সংক্রান্ত বিষয়ে আদালতের নির্দেশনা মোতাবেক নিয়োগবিধি সংশোধনের সুপারিশ প্রণয়নের জন্য উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে।<br>কমিটির প্রতিবেদন পাওয়া গেছে। ঝিনাইদহ ভেটেরিনারী কলেজের নিয়োগ বিধিমালা-২০১৪ সংশোধনের প্রস্তাব ১৭/১০/২০১৮ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | আদালতের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রাস-৪), যুগ্মপ্রধান, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৬.৩ | প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্বখাতে পদ সৃজন। | জনপ্রশাসন মন্ত্রণালয় গত ৩০/১০/২০১৮ তারিখ প্রাণিসম্পদ অধিদপ্তরের ৮৬২৪ টি পদ রাজস্ব খাতে সৃজন করা হয়েছে। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রাস-১)/ DG, DLS |

## ৭। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭.১ | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কল্যাণ তহবিলের অনুমতি | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদেরকে কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিলে অন্তর্ভূক্ত করণের বিষয়ে গত ১৩ মার্চ ২০১৬ তারিখে অনুষ্ঠিত বিএফআরআই এর বোর্ড অব গভর্নর্স এর ৩৬তম সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | পুনঃ প্রস্তাব উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য) মহাপরিচালক, বিএফআরআই/ উপসচিব (মৎস্য-৫) |

## ৮। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৮.১ | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ৩৯৪টি পদ সৃজন | বিএলআরআই এর ১৩৯ (একশত উনচল্লিশ) টি পদ (১ম পর্যায়ে ২০১৮-১৯ অর্থ বছরে ৯৫টি এবং ২য় পর্যায়ে ২০২০-২১ অর্থ বছরে ৪৪টি) পদের বেতন গ্রেড নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। নথিটি অর্থ বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। | বিএলআরআই এর ৩৯৪টি পদ রাজস্বখাতে সৃজনের বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিঃ সচিব (প্রাস-২), মহাপরিচালক, বিএলআরআই/ উপসচিব (প্রাস-২) |

## ৯। মেরিন ফিশারিজ একাডেমি

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৯.১ | সিমুলেটর বেইজড ট্রেনিং ফ্যাসিলিটিজ স্থাপন প্রকল্প | মেরিন ফিশারিজ একাডেমি কর্তৃক “সিমুলেটর বেইজড ট্রেনিং ফ্যাসিলিটিজ স্থাপন” সংক্রান্ত নতুন প্রকল্পের ডিপিপি প্রণয়নের কার্যক্রম চলমান আছে। | দ্রুত প্রকল্প প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যুগ্মপ্রধান, উপসচিব (মৎস্য-৩), অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি |

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০২/১২/২০১৮
(মোঃ রইছউল আলম মন্ডল)
সচিব